

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫৭৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা যেই সালাতের বর্ণনা দিলাম, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এই সালাত সময় অতিক্রান্ত হওয়ার পর আযান ও ইকামাত দিয়ে আদায় করেছেন

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ هَذِهِ الصَّلَاةَ الَّتِي وَصَفْنَاهَا صَلَّاهَا صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَعْدَمَا ذَهَبَ وَقْتُهَا بِأَذَانِ وَإِقَامَةٍ

## আরবী

1578 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّقَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: أَخْبَرَنَا حُسَيْنُ بْنُ عَلِيّ الْجُعْفِيُّ عَنْ زَائِدَةَ عَنْ سِمَاكِ عَنِ الْقَاسِمِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ أَبِيهِ: عن عبد الله ابن مَسْعُود قَالَ: سِرْنَا ذَاتَ لَيْلَةٍ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقُلْنَا: يَا رَسُولَ اللَّهِ لَلَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقُلْنَا: يَا رَسُولَ اللَّهِ لَوْ أَمْسَسْنَا الْأَرْضَ فَنِمْنَا وَرَعَتْ رَكَائِبُنَا؟ قَالَ: (فَمَنْ يَحْرُسُنَا)؟ قَالَ: قُلْتُ: أَنَا فَعَلَبَتْنِي عَيْنِي فَلَمْ يُوقِظْنِي إِلَّا وَقَدْ طَلَعَتِ الشَّمْسُ وَلَمْ يَسْتَيْقِظْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَيْنِي فَلَمْ يُوقِظْنِي إِلَّا وَقَدْ طَلَعَتِ الشَّمْسُ وَلَمْ يَسْتَيْقِظْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَّا يَعْنَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَّا يَعْدَلَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَّا يَعْدَلُونَ ثَمَ أَقَامَ فَصِلَى بِنا.

الراوي: عبد الله ابن مَسْعُود المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1578 | خلاصة حكم المحدث: حسن صحيح ـ ((الإرواء)) (1/ 292)، ((صحيح أبي داود)) (473).

## বাংলা

১৫৭৮. আবুল্লাহ বিন মাস'উদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "একরাতে আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের চলছিলাম, অতঃপর আমরা বললাম, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, যদি আমরা মাটিতে শুয়ে একটু ঘুমিয়ে নিতাম এবং আমাদের বাহনগুলো একটু বিশ্রাম গ্রহণ করতো, (তবে সেটা কতোইনা ভালো হতো)!" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "তবে আমাদের পাহারা দিবে কে?" আব্দুল্লাহ বিন মাস'উদ রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "আমি বললাম, "আমি।" অতঃপর আমার চোখ আমাকে পরাভূত করে (ফলে আমি ঘুমিয়ে যাই)। অতঃপর সূর্য উদিত হওয়ার পরেই আমি জাগ্রত হই। আর রাসূল সাল্লাল্লাহু



আলাইহি ওয়া সাল্লাম আমাদের কথাবার্তা শুনে জাগ্রত হন। রাবী বলেন, "অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বিলাল রাদ্বিয়াল্লাহু আনহুকে আযান দেওয়ার নির্দেশ দিলেন ফলে তিনি আযান দিলেন তারপর ইকামাত দিলেন অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের নিয়ে সালাত আদায় করলেন।"[1]

## ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৮৩; মুসনাদ আহমাদ: ১/৪৫০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৪৭৩)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন